44

দৈনিক বাংলা

তারিখ 17 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# হরতাল ও পরীক্ষায় বিপত্তি

গত ১০-১১-৯৪ ইং তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএ (পাস) রাষ্ট্রবিজ্ঞান ৩য় পত্র পরীক্ষা সকাল ১০ ঘটিকায় অনুষ্ঠানের কথা ছিল। কিন্তু হরতাল এবং রাস্তাঘাটের বিশৃঙ্খল অবস্থার কারণে আমার মতো একজন মহিলা পরীক্ষার্থীর পক্ষে নাজিরাবাজার থেকে তেজগাঁও কলেজে পরীক্ষা কেন্দ্রে গিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করা ঝুঁকিপূর্ণ বিধায় ঐদিন (১০-১১-৯৪ ইং) আমি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারিনি। কিন্তু দুপুরে হরতাল শেষ হওয়ার পর উক্ত পরীক্ষা কেন্দ্রে গিয়ে জানলাম, হরতাল সত্ত্বেও কলেজ কর্তৃপক্ষ যথারীতি পরীক্ষা গ্রহণ করেছেন। আমি দ্বিতীয়বারের মতো এ পরীক্ষায় অংশ নিয়ে শেষ পরীক্ষাটি দিতে যাচ্ছিলাম। কিন্তু হরতালের কারণে তা দিতে না পারায় আমার শিক্ষাজীবনের ভবিষ্যৎ এখন অনিশ্চিত হয়ে পড়েছে। এক্ষেত্রে আমার প্রশ্ন, আমার এই পরীক্ষা দিতে না পারার জন্য দায়ী তো আমি নয়। এ দায়িত্ব তাহলে কে বহন করবে? সে কি কর্তৃপক্ষ নয়? ইতিপূর্বে তো দেখা গেছে, এ ধরনের রাজনৈতিক কর্মসূচী তথা হরতালজনিত পরিস্থিতিতে কর্তৃপক্ষ পরীক্ষার সময়সূচী পরিবর্তন করেছেন। এবারও কি তা করা উচিত ছিল না? আমরা মনে করি এবং যে কোন সচেতন বিবেকবান ব্যক্তিই বলবেন, তা উচিত ছিল। এবং হরতালের কারণে কোন পরীক্ষার্থী, বিশেষ করে মহিলা পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে না পারার জন্যে তাঁর পরীক্ষা নষ্ট হতে দেয়া কোনো যুক্তিতেই সমীচীন নয়। অতএব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে বিনীত আবেদন, ১০-১১-৯৪ ইং তারিখে হরতালজনিত বিশেষ পরিস্থিতির কারণে আমার ও আমার মতো অন্যান্য যাদের পক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করা সম্ভব হয়নি, বিশেষ ব্যবস্থায় ঐদিনের পরীক্ষা পুনরায় তাদের নেয়া হোক।

রেশমা আক্তার
পরীক্ষার রোল নং ৬৫৮৮ (১৯৯৩)
রেজিস্ট্রেশন নং ৬৪৩৯ (১৯৯০-৯১)
শেখ বোরহানুদ্দীন কলেজ, ঢাকা।